# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 27 June, 2025

বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি টি-টোয়েন্টি ম্যাচের পাওয়ার প্লে সম্পর্কিত নতুন নিয়ম চালু করতে যাচ্ছে।নতুন নিয়ম অনুযায়ী, যদি কোনো টি-টোয়েন্টি ম্যাচ মাত্র ৮ ওভারে সীমাবদ্ধ হয়, তাহলে পাওয়ার প্লে হবে ২.২ ওভার।১৪ ওভারের ম্যাচে তা হবে ৪.১ ওভার পর্যন্ত।

আইসিসি জানিয়েছে, এই নিয়মে খেলার মোট ওভারের প্রায় ৩০ শতাংশ সময় পাওয়ার প্লে হিসেবে নির্ধারণ করা হবে এবং এই সময় ত্রিশ গজের বাইরে সর্বোচ্চ দুজন ফিল্ডার রাখা যাবে।

নতুন নিয়ম প্রথমবারের মতো কার্যকর হবে ২ জুলাই থেকে, যেখানে বাংলাদেশ ও শ্রীলংকার তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে এটি প্রয়োগ করা হবে।

সঙ্গে আইসিসি আরও কিছু নিয়ম পরিবর্তন করেছে – টেস্টে ওভার রেট নিয়ন্ত্রণে ‘স্টপ ক্লক’, নো-বলের জন্য ক্যাচের ন্যায্যতা নির্ধারণে রিভিউ এবং ঘরোয়া ফার্স্ট ক্লাস ক্রিকেটে পূর্ণকালীন খেলোয়াড় পরিবর্তনের অনুমতি।

ক্রিকেট নতুন নিয়ম আইসিসি টি-টোয়েন্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:43

URL: https://www.timestodaybd.com/public/sports/3798286523